

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫
প্রোগ্রামিং শাখা

...

সভাপতি	মোঃ হাসানুল ইসলাম, এনডিসি পরিচালক
সভার তারিখ	২৬ জুন/২০১৯ খ্রি:
সভার সময়	সকাল ১১.০০ ঘটিকা
স্থান	পরিচালক (প্রশাসন) এর অফিস কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট-ক দৃষ্টব্য।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। শুরুতে বিগত সভার সুপারিশসমূহ নিয়ে পর্যালোচনা করা হয় এবং বিআরডিবি'র ২০১৯-২০২০ অর্থবছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়নের লক্ষ্যে তিনি সকলের নিকট গঠনমূলক পরামর্শ প্রত্যাশা করেন। সে মোতাবেক আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়-

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
--------------	--------	-----------	----------------

<p>বিআরডিবি'র ২০১৯-২০২০ অর্থবছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন, অনুমোদন ও প্রেরণ।</p>	<ul style="list-style-type: none"> • ২০১৯-২০২০ অর্থবছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়নের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সভায় উপপরিচালক (প্রোগ্রামিং) জানান যে, সংশ্লিষ্ট অংশীজনদের সাথে আলোচনাক্রমে ২০১৯-২০২০ অর্থবছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা'র একটি নতুন কাঠামো প্রস্তুত করা হয়েছে। সভায় আরো জানানো হয় যে, এ কর্মপরিকল্পনা ৩০/০৬/২০১৯ তারিখের মধ্যে প্রণয়ন ও তা প্রেরণ করতে পারলে সূচকের মান হিসেবে মোট ৮ নম্বর পাওয়া সম্ভব হবে। • উদ্ভাবন কর্মপরিকল্পনার যে ফ্রেমওয়ার্কটি করা হয়েছে তার বেশির ভাগই মন্ত্রীপরিষদ বিভাগ ও পউসবি থেকে নির্দিষ্ট করে দেয়া হয়েছে। • সভায় জানানো হয় যে, এ বছর ইনোভেশন খাতে কোড অনুযায়ী ১০ লক্ষ টাকা বাজেট বরাদ্দ রাখা হয়েছে। • উদ্ভাবনী উদ্যোগের তালিকা চেয়ে ইতোমধ্যে মাঠ পর্যায়ে ও সদর দপ্তর পর্যায়ে প্রেরণ করা হয়েছে। • একটি ডিজিটাল সেবা হিসেবে কোনটিকে নেয়া যেতে পারে সে বিষয়ে আলোচনা হয়। 	<ul style="list-style-type: none"> • নির্ধারিত সময়ের মধ্যে অর্থাৎ ২৭/০৬/২০১৯ তারিখের মধ্যে ২০১৯-২০২০ উদ্ভাবনী কর্মপরিকল্পনা প্রস্তুতপূর্বক তা অনুমোদনের জন্য মহাপরিচালক মহোদয় বরাবর উপস্থাপনের সিদ্ধান্ত হয়। • বাজেটে পর্যাপ্ত বরাদ্দের জন্য অর্থ বিভাগ বরাবর নোট প্রেরণের সিদ্ধান্ত হয়। • ১৮/০৭/২০১৯ তারিখের পর উদ্ভাবনী তালিকা যাচাই-বাছাইয়ের কাজ করা হবে। • পরবর্তী সভায় ডিজিটাল সেবা চিহ্নিত করার বিষয়ে বিস্তারিত আলোচনার মাধ্যমে তা বাছাইয়ের সিদ্ধান্ত হয়। • উদ্ভাবনী কর্মপরিকল্পনা অনুমোদন হয়ে গেলে তা সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ ও ওয়েবসাইটে এর নির্দিষ্ট সেবা বক্সে আপলোডের সিদ্ধান্ত সিদ্ধান্ত হয়। 	<p>ইনোভেশন টিম ও উপপরিচালক (প্রোগ্রামিং)</p>
--	---	---	--

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল কর্মকর্তাদের ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ হাসানুল ইসলাম, এনডিসি
পরিচালক

স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.৪১১.০৬.০৯৭.১৮.১৮৩

তারিখ: ১৬ আষাঢ়. ১৪২৬

৩০ জুন ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) পরিচালক (অর্থ), বিআরডিবি, ঢাকা।
- ২) যুগ্মপরিচালক (সিসিএম), বিআরডিবি, ঢাকা।
- ৩) উপপরিচালক (ঋণ), বিআরডিবি, ঢাকা।
- ৪) উপপরিচালক (পরিকল্পনা), বিআরডিবি, ঢাকা।
- ৫) উপপরিচালক, প্রোগ্রামিং শাখা, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (ইনোভেশন সেবাবক্স এ আপলোডের অনুরোধসহ)।
- ৬) উপপরিচালক (মার্কেটিং), বিআরডিবি, ঢাকা।
- ৭) সহকারী পরিচালক (পদাবিক), বিআরডিবি, ঢাকা।

নাজনীন খানম
উপপরিচালক